গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ২০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ২১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৭

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জনগণের স্বাস্থ্য সেবার মানোন্নয়নে বিগত ৩ বৎসরে স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নতি এবং উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। শিশু মৃত্যু হার হ্রাস পেয়ে ২০১৪ সালে প্রতি হাজারে ৩৮ (বিডিএইচএস, ২০১৪) -এ দাঁড়িয়েছে, যা ২০১১ সালে ছিল ৫২। সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কভারেজ ৮৬% এ উন্নীত হয়েছে, যা ২০১১ সালে ছিল ৮০%। মাতৃ মৃত্যু হ্রাস পেয়ে বর্তমানে প্রতি লক্ষ জীবিত জন্মে ১৭৬ (বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ২০১৫) -এ দাঁড়িয়েছে, যা ২০১০ সালে ছিল ১৯৪। ম্যালেরিয়া, যক্ষা এবং এইচআইভি সংক্রমণ নিয়ন্ত্রণে রাখা সম্ভব রয়েছে। গ্রামীণ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে ১৩,১২৬ কমিউনিটি ক্লিনিক উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, আধুনিক যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ প্রদান, বিনামূল্যে ঔষধ ও পরিবার পরিকল্পনা সামগ্রীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা হয়েছে। চিকিৎসকসহ অন্যান্য জনবল নিয়োগ ও পদায়ন করা হয়েছে। স্বাস্থ্যসেবাকে জনকল্যাণমুখী করার লক্ষ্যে নতুন আইন, বিধি, নীতিমালা প্রণয়ন এবং বিদ্যমান আইনের সংস্কার করা হয়েছে। সহস্রাব্দ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শিশু মৃত্যুহার কাঙ্খিত হারে কমিয়ে আনতে সক্ষম হওয়ায় জাতিসংঘ কর্তৃক বাংলাদেশকে পুরস্কৃত করা হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থাপনায় সরকারি পর্যায়ে তথ্য প্রযুক্তির সফল প্রয়োগের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশ "ডিজিটাল হেলথ ফর ডিজিটাল ডেভেলপমেন্ট" শীর্ষক সাউথ-সাউথ অ্যাওয়ার্ড অর্জন করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিধি ব্যাপক ও বহুমাত্রিক। স্বাস্থ্য খাতে উল্লেখযোগ্য উন্নয়ন সত্ত্বেও দক্ষ মানব সম্পদের স্বল্পতা, ব্যবস্থাপনাগত দুর্বলতা, চিকিৎসা পেশায় নৈতিকতার অভাব, স্বাস্থ্যকর্মীদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং সুশাসনের অভাব কাঙ্খিত, মানসম্মত ও সমতাভিত্তিক গুণগত স্বাস্থ্য সেবা প্রদানের অন্যতম চ্যালেঞ্জ। সংক্রামক রোগ সাফল্যজনক ভাবে মোকাবেলা করা গেলেও, অসংক্রামক রোগ (যেমন ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, হৃদরোগ, ক্যান্সার ইত্যাদি) এর প্রাদুর্ভাব ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অসংক্রামক রোগ নিয়ন্ত্রণে জীবনযাত্রার মান পরিবর্তন, গড়আয়ু বৃদ্ধি ও জলবায়ু পরিবর্তন অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বহুবিধ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সাংগঠনিক কাঠামোর পুনর্বিন্যাসের মাধ্যমে স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনায় স্থানীয় জনগণকে সম্পৃক্ত করার পরিকল্পনা করা হয়েছে। প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পর্যায়ক্রমে সর্বমোট কমিউনিটি ক্লিনিকের সংখ্যা ১৩৬৮১ টিতে উন্নীতকরণসহ ৪২৫ টি ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যায় উন্নীত করা হবে। স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে মানব সম্পদ ব্যবস্থাপনায় প্রণীত কৌশলপত্রের সফল প্রয়োগ ও বাস্তবায়ন স্বাস্থ্য সেবার মানোন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করবে। দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম জোরদার করে মোট প্রজনন হার ২.০ এ নামিয়ে আনা হবে। জনগণের পুষ্টিমান উন্নয়নে ভিটামিন-এ পরিপূরক গ্রহীতার হার ১০০ ভাগে উন্নীত করা হবে। অত্যাবশ্যকীয় ঔষধের মান ও মূল্য নিয়ন্ত্রণে এবং সহজলভ্যতা নিশ্চিতকরণে ঔষধ কারখানা পরিদর্শন এবং জিএমপি এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষাকরণ কার্যক্রম জোরদার করা হবে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ স্থাপন ও পরিচালনা আইন, ২০১৬ প্রণয়ন
- মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ প্রণয়ন
- সেবা পরিদপ্তরের সমন্বিত নিয়োগবিধি চূড়ান্তকরণ
- সেন্ট্রাল হিউম্যান রিসোর্স ইনফরমেশন সিস্টেম (সিএইচআরআইএস) বাস্তবায়ন
- সেক্টর কর্মসূচির প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন প্ল্যান (পিআইপি) প্রণয়ন
- ইপিআই কভারেজ হার (এমসিভি-১) ৮৭% এ উন্নীতকরণ

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

সকলের জন্য সাশ্রয়ী ও মানসম্মত চিকিৎসা সেবা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে সবার জন্য সাশ্রয়ী গুণগত স্বাস্থ্যসেবা ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিখাতে দক্ষ মানবসম্পদ সৃজন ও ব্যবস্থাপনার উন্নয়ন
২. আইন, বিধি ও নীতি কাঠামো শক্তিশালীকরণ
৩. সার্বজনীন স্বাস্থ্য সেবার মানোন্নয়ন
৪. মা ও শিশুর উন্নত স্বাস্থ্যসেবা ও পুষ্টির মানোন্নয়ন
৫. সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ
৬. ঔষধখাতের উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি
৭. দেশের জনসংখ্যা স্থিতিশীলকরণ ও উন্নত প্রজনন স্বাস্থ্য সম্প্রসারণ
৮. স্বাস্থ্য সেক্টরের সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত যুগোপযোগী আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন;
২. স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান এবং জনগণের প্রত্যাশিত সেবার পরিধি সম্প্রসারণ;
৩. স্বাস্থ্য ও চিকিৎসা সুবিধাসহ জনস্বাস্থ্য উন্নয়ন এবং বিভিন্ন সংক্রামক ও অসংক্রামক ব্যাধি প্রতিরোধ ও প্রতিকার;
৪. মানসম্পন্ন ঔষধ উৎপাদন ও বিতরণ এবং আমদানি ও রপ্তানিযোগ্য ঔষধের মান নিয়ন্ত্রণ;
৫. জনসংখ্যা নিয়ন্ত্রণ, চিকিৎসা শিক্ষা, নার্সিং শিক্ষা, জাতীয় জনসংখ্যা ও স্বাস্থ্য বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলী;
৬. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত স্থাপনা, সেবা ইনষ্টিটিউট ও কলেজ নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ;
৭. শিশু ও মাতৃ স্বাস্থ্য সেবা, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি, বিকল্প চিকৎসা পদ্ধতি এবং পুষ্টি উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন;
৮. স্বাস্থ্য সম্পর্কিত সকল স্থানীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সংযোগ স্থাপন সংক্রান্ত যাবতীয় বিষয়াদি।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিশু মৃত্যু হ্রাস | শিশু মৃত্যু হার | প্রতি হাজারে | ৩৮ | ৩৭ | ৩৬ | ৩৫ | ৩৫ | স্থানীয় সরকার বিভাগ | বিডিএইচএস ২০১৪, ইউনিসেফ |
| মাতৃ মৃত্যু হ্রাস | মাতৃ মৃত্যু অনুপাত | প্রতি লক্ষে | ১৭৬ | ১৭৬ | ১৭৪ | ১৭০ | ১৬৫ | স্থানীয় সরকার বিভাগ | বিএমএমএস ২০১৪, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ২০১৫ |
| মোট প্রজনন হার (TFR) হ্রাস | মোট প্রজনন হার (TFR) | প্রতি মহিলায় | ২.২ | ২.১ | ২.০ | ২.০ | ২.০ | স্থানীয় সরকার বিভাগ | বিডিএইচএস ২০১৪ |
| অনূর্ধ্ব ৫ বছর বয়সী শিশুর অপুষ্টি হ্রাস | অনূর্ধ্ব ৫ বছর বয়সী শিশুর অপুষ্টির হার | প্রতি হাজারে | ৩৪ | ৩৩ | ৩২ | ৩২ | ৩২ | স্থানীয় সরকার বিভাগ | বিডিএইচএস ২০১৪ |
| সম্প্রসারিত টিকাদান কর্মসূচির সম্প্রসারণ | টিকাদান কভারেজ হার (এমসিভি-১) | % | ৮৬ | ৮৬.৫ | ৮৭ | ৮৯ | ৯০ | স্থানীয় সরকার বিভাগ | ইপিআই কভারেজ সার্ভে ২০১৪ |
| সেবা প্রাপ্তির সুযোগ বৃদ্ধি | জনসংখ্যা ও চিকিৎসকের অনুপাত | প্রতি ১০ হাজারে | ৩.৮ | ৪.০ | ৪.২ | ৪.৪ | ৪.৬ | | এইচআর ডাটা সিট, হেলথ বুলেটিন |
| | জনসংখ্যা ও নার্সের অনুপাত | প্রতি ১০ হাজারে | ১.১৫ | ১.২০ | ১.২৫ | ১.৩০ | ১.৩৫ | | এইচআর ডাটা সিট, হেলথ বুলেটিন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিখাতে দক্ষ মানবসম্পদ সৃজন ও ব্যবস্থাপনার উন্নয়ন | ২৪ | [১.১] চিকিৎসা শিক্ষা শক্তিশালীকরণ | [১.১.১] এমএসসি (নার্সিং) কোর্স চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০৪-২০১৭ | ০৭-০৫-২০১৭ | ১৪-০৫-২০১৭ | ২১-০৫-২০১৭ | ২৮-০৫-২০১৭ | | |
| | | | [১.১.২] স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা মূল্যায়ণ ও বিশ্লেষণ বিষয়ক গবেষণা সম্পাদিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৪-২০১৭ | ০৭-০৫-২০১৭ | ১৪-০৫-২০১৭ | ২১-০৫-২০১৭ | ২৮-০৫-২০১৭ | | |
| | | | [১.১.৩] বেসরকারি মেডিকেল কলেজের আসন নবায়নের আবেদন নিষ্পত্তির হার | % | ১.০০ | ৯০.০ | ৯০.০ | ৯২.০ | ৯১.৫ | ৯১.০ | ৯০.৫ | ৯০.০ | ৯৩ | ৯৪ |
| | | | [১.১.৪] শিক্ষা ছুটি আবেদন নিষ্পত্তির হার | % | ১.০০ | ৯০.০ | ৯০.০ | ৯২.০ | ৯১.৫ | ৯১.০ | ৯০.৫ | ৯০.০ | ৯৩ | ৯৪ |
| | | | [১.১.৫] বহি:বাংলাদেশ শিক্ষা ছুটি অনুমোদনের হার | % | ১.০০ | ৯৭.০০ | ৯৮.০০ | ৯৯.০০ | ৯৮.৭৫ | ৯৮.৫০ | ৯৮.২৫ | ৯৮.০০ | ৯৯ | ১০০ |
| | | [১.২] মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন | [১.২.১] চালুকৃত সিএইচআরআইএস | তারিখ | ২.০০ | | | ৩০-০৪-২০১৭ | ১৪-০৫-২০১৭ | ২৮-০৫-২০১৭ | ১১-০৬-২০১৭ | ২৫-০৬-২০১৭ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.২] মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন | [১.২.২] সিএইচআরআইএস পাইলটিংকৃত জেলা | সংখ্যা | ২.০০ | | | ২ | ১ | | | | ৫ | ২০ |
| | | | [১.২.৩] এইচআর প্ল্যান প্রজেকশন প্রণীত খসড়া | তারিখ | ২.০০ | | | ০৭-০৫-২০১৭ | ১৪-০৫-২০১৭ | ২১-০৫-২০১৭ | ২৮-০৫-২০১৭ | ০৪-০৬-২০১৭ | | |
| | | | [১.২.৪] হালনাগাদকৃত টেবিল অব অর্গানাইজেশন | তারিখ | ২.০০ | | | ১০-০৫-২০১৭ | ১৭-০৫-২০১৭ | ২৪-০৫-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ০৭-০৬-২০১৭ | | |
| | | | [১.২.৫] মেডিকেল কলেজ পরিদর্শনের হার | % | ২.০০ | | | ৪৫.০০ | ৪৪.৫০ | ৪৪.০০ | ৪৩.৫০ | ৪৩.০০ | ৪৮.০০ | ৫০.০০ |
| | | | [১.২.৬] বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত ডাটাবেজ তৈরী | তারিখ | ২.০০ | | | ২৭-০৪-২০১৭ | ১১-০৫-২০১৭ | ২৫-০৫-২০১৭ | ০৮-০৬-২০১৭ | ২২-০৬-২০১৭ | | |
| | | | [১.২.৭] রেজিস্ট্রিকৃত চিকিৎসক | সংখ্যা (হাজার) | ২.০০ | ৬৬.০ | ৭৫.০ | ৮৫.০ | ৮৪.০ | ৮৩.০ | ৮২ | ৮১ | ৯৪.০ | ১০৪.০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.২] মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন | [১.২.৮] রেজিস্ট্রিকৃত নার্স | সংখ্যা (হাজার) | ২.০০ | ৩৩.২ | ৩৮.৪ | ৪৪.০ | ৪৩.০ | ৪২.০ | ৪১.০ | ৪০.০ | ৪৮.০ | ৫২.০ |
| | | | [১.২.৯] সরকারি মিডওয়াইফের সংখ্যা | সংখ্যা (ক্রমপুঞ্জীভূত) | ১.০০ | | ৬০০ | ১১০০ | ১০৭৫ | ১০৫০ | ১০২৫ | ১০০০ | ১৬০০ | ২২০০ |
| | | | [১.২.১০] নবনিয়োগকৃত সরকারি নার্সের সংখ্যা | সংখ্যা | ১.০০ | | | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ৫০০০ | ৫০০০ |
| | | | [১.২.১১] সেবা পরিদপ্তরকে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরে উন্নীতকরণ | তারিখ | ১.০০ | | | ৩০-০৫-২০১৭ | ০৬-০৬-২০১৭ | ১৩-০৬-২০১৭ | ২০-০৬-২০১৭ | ২৭-০৬-২০১৭ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] আইন, বিধি ও নীতি কাঠামো শক্তিশালীকরণ | ১৮ | [২.১] এমএসআর বন্টন গাইড লাইন, ২০১৬ হালনাগাদকরণ | [২.১.১] এমএসআর বন্টন গাইড লাইন হালনাগাদকৃত | তারিখ | ২.০০ | | | ০১-১১-২০১৬ | ০৮-১১-২০১৬ | ১৫-১১-২০১৬ | ২২-১১-২০১৬ | ২৯-১১-২০১৬ | | |
| | | [২.২] আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন, ২০১৬ প্রণয়ন | [২.২.১] প্রণীত খসড়া | তারিখ | ১.০০ | | | ২৯-১২-২০১৬ | ১২-০১-২০১৭ | ২৬-০১-২০১৭ | ০৯-০২-২০১৭ | ২৩-০২-২০১৭ | | |
| | | | [২.২.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | তারিখ | ১.০০ | | | ০২-০৩-২০১৭ | ১৬-০৩-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ১৩-০৪-২০১৭ | ২৭-০৩-২০১৭ | | |
| | | [২.৩] মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ প্রণয়ন | [২.৩.১] প্রণীত খসড়া | তারিখ | ২.০০ | | | ০৪-১২-২০১৬ | ১১-১২-২০১৬ | ১৮-১২-২০১৬ | ২৫-১২-২০১৬ | ০১-০১-২০১৭ | | |
| | | | [২.৩.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | তারিখ | ২.০০ | | | ০৮-০১-২০১৭ | ১৫-০১-২০১৭ | ২২-০১-২০১৭ | ২৯-০১-২০১৭ | ০৫-০২-২০১৭ | | |
| | | [২.৪] সেবা পরিদপ্তরের সমন্বিত নিয়োগবিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | [২.৪.১] চূড়ান্ত নিয়োগবিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত | তারিখ | ২.০০ | | | ০২-১১-২০১৭ | ০৯-১১-২০১৬ | ১৬-১১-২০১৬ | ২৩-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনা প্রণয়ন | [২.৫.১] প্রণীত কর্ম পরিকল্পনা | তারিখ | ২.০০ | | | ৩১-১০-২০১৬ | ১৪-১১-২০১৬ | ২৮-১১-২০১৬ | ১২-১২-২০১৬ | ২৬-১২-২০১৬ | | |
| | | [২.৬] জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন প্রণয়ন | [২.৬.১] জাতীয় স্বাস্থ্য প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইডলাইন প্রণীত | তারিখ | ২.০০ | | | ০১-১২-২০১৬ | ০৮-১২-২০১৬ | ১৫-১২-২০১৬ | ২২-১২-২০১৬ | ২৯-১২-২০১৬ | | |
| | | [২.৭] বাংলাদেশ নার্সিং ও মিডওয়াফারি আইন প্রণয়ন | [২.৭.১] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | তারিখ | ২.০০ | | | ২০-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | ০৪-০৫-২০১৭ | ১১-০৫-২০১৭ | ১৮-০৫-২০১৭ | | |
| | | [২.৮] জাতীয় ঔষধ নীতি ২০১৬ হালনাগাদকরণ | [২.৮.১] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | তারিখ | ২.০০ | | | ০৪-০৫-২০১৭ | ১১-০৫-২০১৭ | ১৮-০৫-২০১৭ | ২৫-০৫-২০১৭ | ০১-০৬-২০১৭ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] সার্বজনীন স্বাস্থ্য সেবার মানোন্নয়ন | ১৪ | [৩.১] স্বাস্থ্য অবকাঠামো শক্তিশালীকরণ | [৩.১.১] কমিউনিটি ক্লিনিকে সরবরাহকৃত কিট বক্স (মেডিসিন) | সংখ্যা | ২.০০ | ৮৮০০০ | ৯০০০০ | ৯০০০০ | ৮৯৫০০ | ৮৯০০০ | ৮৮৫০০ | ৮৮০০০ | ৯৫০০০ | ৯৫০০০ |
| | | | [৩.১.২] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | সংখ্যা | ২.০০ | ১৬ | ৩ | ৫ | ৪ | ৩ | ৩ | ৩ | ৬ | ৭ |
| | | | [৩.১.৩] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | সংখ্যা (ক্রমপুঞ্জীভূত) | ২.০০ | ২৮২ | ৩২৬ | ৩৩৪ | ৩৩২ | ৩৩০ | ৩২৮ | ৩২৬ | ৩৪৪ | ৩৫০ |
| | | | [৩.১.৪] স্বাস্থ্য বীমা (স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি) পাইলটিংকৃত উপজেলা | সংখ্যা | ২.০০ | | ১ | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | | [৩.১.৫] যন্ত্রপাতি সরবরাহকৃত উপজেলা হাসপতাল | সংখ্যা | ২.০০ | ২২৫ | ২৮৬ | ৩০০ | ২৯৮ | ২৯৪ | ২৯০ | ২৮৬ | ৩২০ | ৩৪০ |
| | | | [৩.১.৬] এ্যাম্বুলেন্স সরবরাহকৃত হাসপতাল | সংখ্যা | ১.০০ | ৫০ | ০ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৪ | ৪২ | ৫০ | ৬০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] সেবার মানোন্নয়ন | [৩.২.১] ডিএসএফ কর্মসূচির অর্থ প্রদানকৃত ই-পোস্ট সেন্টার | সংখ্যা | ২.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ২০ | ২৬ |
| | | | [৩.২.২] আইসিইউ শয্যা | সংখ্যা (ক্রমপুঞ্জীভূত) | ১.০০ | ১৫৯ | ২৪৯ | ২৯০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | ৩৫০ | ৪২০ |
| [৪] সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ | ৬ | [৪.১] বছরে দুবার স্কুলগামী শিশুদের (৫-১২ বছর) কৃমিনাশক বড়ি বিতরণ কার্যক্রম | [৪.১.১] কৃমিনাশক বড়ি গ্রহণকারী স্কুলগামী শিশুর (৫-১২ বছর) হার | % | ২.০০ | ৯৯ | ৯৯ | ৯৯ | ৯৮.৮ | ৯৮.৭ | ৯৮.৬ | ৯৮.৫ | ৯৯ | ৯৯ |
| | | [৪.২] যক্ষ্মা নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৪.২.১] শনাক্তকৃত যক্ষ্মার নতুন রোগী (স্পুটাম পজিটিভ) | লক্ষ | ১.০০ | ১০৬.৮ | ১০৫.৫ | ১০৪.২ | ১০৪.৪ | ১০৪.৬ | ১০৪.৮ | ১০৫.০ | ১০৪ | ১০৩ |
| | | [৪.৩] এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৪.৩.১] এআরটি চিকিৎসা প্রাপ্ত এইচআইভি রোগীর হার | % | ১.০০ | ৩৭.০০ | ৩৮.০০ | ৩৯.০০ | ৩৮.৭৫ | ৩৮.৫০ | ৩৮.২৫ | ৩৮ | ৪০ | ৪২ |
| | | [৪.৪] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাসকরণ | [৪.৪.১] কীটনাশক যুক্ত মশারি (আইটিএন) বিতরণ | সংখ্যা (লক্ষ) | ১.০০ | ৭.৫০ | ১৩.১২ | ১০.৮৯ | ১০.৭০ | ১০.৬০ | ১০.২০ | ১০.০০ | ১১.১০ | ৮.৩১ |
| | | [৪.৫] অসংক্রামক রোগ নির্ণয়ের প্রশিক্ষণ ও সুবিধা বৃদ্ধিকরণ | [৪.৫.১] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগী | সংখ্যা (হাজার) | ১.০০ | ১৯৪.০০ | ২২৫.০০ | ২৬০.০০ | ২৫০.০০ | ২৪০.০০ | ২৩০.০০ | ২২৫.০০ | ২৮৫.০০ | ৩০০.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৫] মা ও শিশুর উন্নত স্বাস্থ্যসেবা ও পুষ্টির মানোন্নয়ন | ৬ | [৫.১] প্রাতিষ্ঠানিক প্রসব সুবিধা সম্প্রসারণ | [৫.১.১] দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব | % | ১.০০ | ৪২.১০ | ৪৩.০০ | ৪৪.০০ | ৪৩.৫০ | ৪৩.০০ | ৪২.৫০ | ৪২.১০ | ৪৬.০০ | ৪৮.০০ |
| | | | [৫.১.২] প্রসবপূর্ব (ন্যূনতম ১ বার) সেবা | সংখ্যা (লক্ষ) | ১.০০ | ১৯.৫০ | ২০.০০ | ২০.৫০ | ২০.৩০ | ২০.২০ | ২০.১০ | ২০.০০ | ২১.০০ | ২২.০০ |
| | | [৫.২] সম্প্রসারিত টিকাদান কর্মসূচি | [৫.২.১] ইপিআই কভারেজ (হাম) | % | ২.০০ | ৮৬.০০ | ৮৬.৫০ | ৮৭.০০ | ৮৬.৮০ | ৮৬.৭০ | ৮৬.৬০ | ৮৬.৫০ | ৮৮.০০ | ৮৯.০০ |
| | | [৫.৩] পুষ্টি কর্মসূচি বাস্তবায়ন | [৫.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন-এ প্রদানের হার | % | ২.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৯.৫০ | ৯৯.০০ | ৯৮.৫০ | ৯৮.০০ | ১০০ | ১০০ |
| [৬] ঔষধখাতের উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি | ৬ | [৬.১] ঔষধের বিপণনোত্তর তত্ত্বাবধান (সার্ভিল্যান্স) জোরদারকরণ | [৬.১.১] জিএমপি এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা | সংখ্যা | ২.০০ | ৫৯৫০ | ৭৬১৯ | ৭৭০০ | ৭৬৮০ | ৭৬৭০ | ৭৬৫০ | ৭৬৪০ | ৭৭৫০ | ৭৮০০ |
| | | | [৬.১.২] পরিদর্শিত ঔষধ কারখানা | সংখ্যা | ২.০০ | ১১৮০ | ১১৬৪ | ১২০০ | ১১৯৫ | ১১৯০ | ১১৮৫ | ১১৮০ | ১২৫০ | ১৩০০ |
| | | | [৬.১.৩] ঔষধ রপ্তানীর ইস্যুকৃত লাইসেন্স | সংখ্যা | ১.০০ | | ৪০৭ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪১০ | ৫০০ | ৫৫০ |
| | | | [৬.১.৪] নবায়নকৃত ফার্মেসীর লাইসেন্স | সংখ্যা | ১.০০ | ২৭৪৬৪ | ৩০১১৪ | ৩০৯০০ | ৩০৭০০ | ৩০৫০০ | ৩০৩০০ | ৩০১১৪ | ৩১৩০০ | ৩১৭০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৭] দেশের জনসংখ্যা স্থিতিশীলকরণ ও উন্নত প্রজনন স্বাস্থ্য সম্প্রসারণ | ৪ | [৭.১] পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ | [৭.১.১] দীর্ঘ মেয়াদি ও স্থায়ী পদ্ধতি গ্রহণকারী সক্ষম দম্পতি বৃদ্ধি | লক্ষ | ২.০০ | ৮.২০ | ৭.৭৭ | ৮.০০ | ৭.৯৫ | ৭.৯০ | ৭.৮৫ | ৭.৫০ | ৮.২০ | ৮.৩০ |
| | | | [৭.১.২] গর্ভনিরোধক গ্রহণ বৃদ্ধি | % | ২.০০ | ৭৮.৬০ | ৭৭.৩০ | ৭৮.০০ | ৭৭.৮০ | ৭৭.৬০ | ৭৭.৫০ | ৭৭.৩০ | ৭৮.৫০ | ৭৯.০০ |
| [৮] স্বাস্থ্য সেক্টরের সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন | ২ | [৮.১] ৪র্থ সেক্টর কর্মসূচির বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়াকরণ | [৮.১.১] সেক্টর কর্মসূচির প্রোগ্রাম ইম্প্লিমেন্টেশন প্ল্যান (পিআইপি) প্রণীত | তারিখ | ২.০০ | | | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | ২৮-০২-২০১৭ | ৩১-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | - | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৪.০৮.২০১৬

সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ

০৪.০৮.২০১৬

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | পিআইপি | প্রোগ্রাম ইম্প্লিমেন্টেশন প্ল্যান |
| ২ | এইচআর | হিউম্যান রির্সোস |
| ৩ | ইপিআই | এক্সপান্ডেড প্রোগ্রাম অন ইমুনাইজেশন |
| ৪ | এআরটি | এন্টি-রেট্রোভাইরাল থেরাপি |
| ৫ | সিবিএইচসি | কমিউনিটি বেসড হেলথ কেয়ার |
| ৬ | এসবিএ | স্কিল বার্থ এটেন্ডেন্ট |
| ৭ | জিএমপি | গুড ম্যানুফেকচারিং প্র্যাকটিস |
| ৮ | টিএফআর | টোটাল ফারটিলিটি রেট |
| ৯ | ডিজিএইচএস | ডিরেক্টরেট জেনারেল অব হেলথ সার্ভিসেস |
| ১০ | ডিজিএফপি | ডিরেক্টরেট জেনারেল অব ফ্যামিলি প্ল্যানিং |
| ১১ | এমএসসি | মাস্টার্স অব সায়েন্স |
| ১২ | এইচআইভি | হিউম্যান ইমিউনো ডিফিসিয়েন্সি ভাইরাস |
| ১৩ | আইসিইউ | ইনটেনসিভ কেয়ার ইউনিট |
| ১৪ | সিএইচআরআইএস | সেন্ট্রাল হিউম্যান রিসোর্স ইনফরমেশন সিস্টেম |
| ১৫ | আইটিএন | ইনসেক্টিসাইড ট্রিটেড নেট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] চিকিৎসা শিক্ষা শক্তিশালীকরণ | [১.১.১] এমএসসি (নার্সিং) কোর্স চালুকৃত | নার্সিং সেবায় নিয়োজিত নার্সদের উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে মাস্টার্স ইন সায়েন্স (নার্সিং) কোর্স চালুকরণ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেবা পরিদপ্তর | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.২] স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা মূল্যায়ণ ও বিশ্লেষণ বিষয়ক গবেষণা সম্পাদিত | দেশের বিভিন্ন স্নাতকোত্তর প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষা মূল্যায়ণ ও বিশ্লেষণ লক্ষ্যে সম্পাদিত গবেষণা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেন্টার ফর মেডিকেল ইডুকেশন | সমঝোতা স্মারক ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.৩] বেসরকারি মেডিকেল কলেজের আসন নবায়নের আবেদন নিষ্পত্তির হার | বেসরকারি মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রী ভর্তির আসন বছর ভিত্তিক নবায়নের আবেদন নিষ্পত্তির হার। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.৪] শিক্ষা ছুটি আবেদন নিষ্পত্তির হার | দেশের বিভিন্ন স্নাতকোত্তর প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষা গ্রহণের উদ্দেশ্যে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের শিক্ষা ছুটির আবেদনের প্রেক্ষিতে যথাসময়ে ছুটি অনুমোদনের হার। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.১.৫] বহি:বাংলাদেশ শিক্ষা ছুটি অনুমোদনের হার | বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠানে স্নাতকোত্তর ডিগ্রী গ্রহণের উদ্দেশ্যে বহি:বাংলাদেশ অর্জিত শিক্ষা ছুটি অনুমোদনের হার। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.২] মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন | [১.২.১] চালুকৃত সিএইচআরআইএস | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/ সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরী সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও তার ভিত্তিতে মানব সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার উদ্দেশ্যে সেন্ট্রাল হিউম্যান রিসোর্স ইনফরমেশন সিস্টেম (কেন্দ্রীয় মানবসম্পদ ইনফরমেশন সিস্টেম) তৈরী। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.২] সিএইচআরআইএস পাইলটিংকৃত জেলা | সিএইচআরআইএস তৈরীর পর বাস্তবায়নের উদ্দেশ্যে নির্বাচিত দু'টি জেলায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/ সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরী সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ ও হালনাগাদ করার লক্ষ্যে সিএইচআরআইএস পাইলটিং করা হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৩] এইচআর প্ল্যান প্রজেকশন প্রণীত খসড়া | স্বাস্থ্য খাতের রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্য অর্জন করতে স্বাস্থ্য জনশক্তির সঠিক ব্যবস্থাপনার লক্ষ্যে "বাংলাদেশ স্বাস্থ্য জনশক্তি কৌশলপত্র" প্রণয়ন করা হয়েছে। কৌশলপকত্র বর্ণিত বিভিন্ন কার্যক্রম যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে খসড়া এইচআর প্ল্যান প্রজেকশন প্রণয়ন করা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | মুদ্রিত এইচআর প্ল্যান প্রজেকশন ও বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৪] হালনাগাদকৃত টেবিল অব অর্গানাইজেশন | টেবিল অব অর্গানাইজেনে প্রতিটি প্রতিষ্ঠানের নির্ধারিত কর্মকর্তা ও কর্মচারীর পদ, সংখ্যা, গ্রেড এবং কাজ, বিভিন্ন পেশাগত বিশেষজ্ঞদের অনুপাত এবং প্রশাসনিক ব্যবস্থা সমন্বিতভাবে উল্লেখ থাকে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় তার অধীন বিভিন্ন প্রতিষ্ঠানের টেবিল অব অর্গানাইজেশন হালনাগাদ করা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৫] মেডিকেল কলেজ পরিদর্শনের হার | চিকিৎসা শিক্ষার গুনগত মানোন্নয়নের লক্ষ্যে মনিটরিং ব্যবস্থা জোরদার করার উদ্দেশ্যে বিদ্যমান মেডিকেল কলেজের বিপরীতে পরিদর্শনকৃত মেডিকেল কলেজের সংখ্যা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর | পরিদর্শন প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৬] বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত ডাটাবেজ তৈরী | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/ সংস্থায় কর্মরত কর্মকর্তা বৈদেশিক ভ্রমণ সংক্রান্ত যাবতীয় তথ্য সংগ্রহ ও সংরক্ষণের উদ্দেশ্যে ডাটাবেজ তৈরী ও বাস্তবায়ন। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ডাটাবেজ ও প্রজ্ঞাপন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৭] রেজিস্ট্রিকৃত চিকিৎসক | বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক রেজিস্ট্রিকৃত চিকিৎসক | বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | বিএমডিসির প্রতিবেদন বিশ্লেষণ | এইচআর ডাটা সিট, হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৮] রেজিস্ট্রিকৃত নার্স | বাংলাদেশ নার্সিং কাউন্সিল (বিএনসি) কর্তক রেজিস্ট্রিকৃত নার্স | বাংলাদেশ নার্সিং কাউন্সিল (বিএনসি) ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | বিএনসির প্রতিবেদন বিশ্লেষণ | এইচআর ডাটা সিট, হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.৯] সরকারি মিডওয়াইফের সংখ্যা | প্রসবকালে মাতৃ মৃত্যুর হার কমিয়ে আনতে সরকার দেশে তিন হাজার প্রশিক্ষিত 'মিডওয়াইফ' বা ধাত্রী নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতিটি উপজেলায় চারজন এবং নির্বাচিত ইউনিয়নে একজন করে ডিপ্লোমা প্রশিক্ষণপ্রাপ্ত মিডওয়াইফ নিয়োগ করা হবে। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও সেবা পরিদপ্তর | প্রজ্ঞাপন ও বিএনসির প্রতিবেদন বিশ্লেষণ | এইচআর ডাটা সিট ও বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.১০] নবনিয়োগকৃত সরকারি নার্সের সংখ্যা | স্বাস্থ্য সেবার মানোন্নয়নে রোগীর সেবা নিশ্চিতকল্পে সরকারি নার্সের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির লক্ষ্যে নতুন নার্স নিয়োগ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশণ | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.১১] সেবা পরিদপ্তরকে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরে উন্নীতকরণ | স্বাস্থ্য সেবায় নিয়োজিত নার্স ও মিডওয়াইফদের গুনগতমান ও মর্যাদা বৃদ্ধি লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক অবকাঠামো গঠনের নিমিত্ত সেবা পরিদপ্তরকে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরে উন্নীত করা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] এমএসআর বন্টন গাইড লাইন, ২০১৬ হালনাগাদকরণ | [২.১.১] এমএসআর বন্টন গাইড লাইন হালনাগাদকৃত | দেশের সকল সরকারি হাসপাতালে রোগীদের সেবা প্রদানের জন্য এমএসআর (মেডিসিন, সার্জিক্যাল, রিএজেন্ট) খাতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাদ্দ দিয়ে থাকে। এ বরাদ্দ সুষ্ঠুভাবে বন্টনের লক্ষ্যে এমএসআর বন্টন গাইড লাইন প্রণয়ন করা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.২] আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন, ২০১৬ প্রণয়ন | [২.২.১] প্রণীত খসড়া | সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা এবং বিশেষজ্ঞদের মতামত সন্নিবেশ করে আইনের খসড়া প্রণয়ন। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | মন্ত্রণালয়ের ওয়েব পেজ ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [২.২.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | খসড়া আইন প্রণয়নের পর জাতীয় সংসদে প্রেরণের পূর্বে মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রেরণ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ | মন্ত্রণালয়ের অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] মানসিক স্বাস্থ্য আইন, ২০১৬ প্রণয়ন | [২.৩.১] প্রণীত খসড়া | সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা এবং বিশেষজ্ঞদের মতামত সন্নিবেশ করে আইনের খসড়া প্রণয়ন। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | মন্ত্রণালয়ের ওয়েব পেজ ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [২.৩.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | খসড়া আইন প্রণয়নের পর জাতীয় সংসদে প্রেরণের পূর্বে মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রেরণ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ | মন্ত্রণালয়ের ওয়েব পেজ ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] সেবা পরিদপ্তরের সমন্বিত নিয়োগবিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | [২.৪.১] চূড়ান্ত নিয়োগবিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত | সেবা পরিদপ্তরের সমন্বিত (নার্স ও মিডওয়াইফ) নিয়োগবিধি চূড়ান্তকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও সেবা পরিদপ্তর | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনা প্রণয়ন | [২.৫.১] প্রণীত কর্ম পরিকল্পনা | সরকার ঘোষিত জাতীয় পুষ্টি নীতি- ২০১৫ অনুযায়ী মা, শিশু, বয়ঃসন্ধিকালীন কিশোরী ও সমাজের সুবিধাবঞ্চিতদের পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্য অর্জনে এই নীতি বাস্তবায়নের জন্য বাস্তবভিত্তিক একটি জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনা প্রণয়ন করা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও অফিস নথি বিশ্লেষণ | জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনা ও বার্ষিক প্রতিবেদন |
| [২.৬] জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন প্রণয়ন | [২.৬.১] জাতীয় স্বাস্থ্য প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইডলাইন প্রণীত | স্বাস্থ্য সেবায় নিয়োজিত সরকারি সেবা প্রদানকারীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর, জবাবদিহিমূলক ও স্বচ্ছ ইন-সার্ভিস প্রদানের উদ্দেশ্যে জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন প্রণয়ন করা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | মন্ত্রণালয়ের ওয়েব পেজ ও অফিস নথি বিশ্লেষণ | মুদ্রিত জাতীয় প্রশিক্ষণ (ইন-সার্ভিস) গাইড লাইন ও বার্ষিক প্রতিবেদন |
| [২.৭] বাংলাদেশ নার্সিং ও মিডওয়াফারি আইন প্রণয়ন | [২.৭.১] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | খসড়া আইন প্রণয়নের পর জাতীয় সংসদে প্রেরণের পূর্বে মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রেরণ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| [২.৮] জাতীয় ঔষধ নীতি ২০১৬ হালনাগাদকরণ | [২.৮.১] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত | খসড়া আইন প্রণয়নের পর জাতীয় সংসদে প্রেরণের পূর্বে মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রেরণ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] স্বাস্থ্য অবকাঠামো শক্তিশালীকরণ | [৩.১.১] কমিউনিটি ক্লিনিকে সরবরাহকৃত কিট বক্স (মেডিসিন) | কমিউনিট ক্লিনিকে সরবারহকৃত ৩০ প্রকারের ঔষধ সম্বলিত বক্স। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও সিবিএইচসি প্রকল্প | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন |
| | [৩.১.২] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | পাঁচ স্তর বিশিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানের প্রাতিষ্ঠানিক কাঠামোর দ্বিতীয় স্তর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র। এ কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি জনগণের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে সহায়ক হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৩] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাসহ প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে পর্যায়ক্রমে সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর শয্যা সংখ্যা ৩১ হতে বৃদ্ধি করে ৫০ শয্যা করার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৪] স্বাস্থ্য বীমা (স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি) পাইলটিংকৃত উপজেলা | স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে বাংলাদেশে দরিদ্রদের জন্য প্রথমবারেরমত স্বাস্থ্য বীমা চালু করতে যাচ্ছে সরকার। পাইলট প্রকল্পে দরিদ্রসীমার নিচে থাকা প্রায় ১ লাখ মানুষ অর্ন্তভুক্ত হচ্ছে যারা ৫০ টি রোগের চিকিৎসা বিনামুল্যে পাবেন।বীমায় অর্ন্তভুক্ত হওয়ার জন্য কোন টাকা দিতে হবে না। সরকার প্রতি পরিবারকে ১ হাজার টাকা প্রিমিয়াম তাদের পক্ষে প্রদান করবে এবং তারা বছরে ৫০ হাজার টাকা বীমা সুবিধা পাবে। এই সেবাটি পাইলট প্রকল্প আকারে টাঙ্গাইলের ৩ টি উপজেলায় চালু হবে। | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | ই-নিউজ লেটার ও বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৫] যন্ত্রপাতি সরবরাহকৃত উপজেলা হাসপতাল | ৫০ শয্যায় উন্নীত উপজেলা হাসপাতালে প্যাকেজভুক্ত (ইসিজি, আল্ট্রাসনোগ্রাম, কলরোমিটার, মাইক্রোসকোপ ইত্যাদি) যন্ত্রপাতি সরবরাহ। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৬] এ্যাম্বুলেন্স সরবরাহকৃত হাসপতাল | সার্বজনীন স্বাস্থ্য সেবা বৃদ্ধি ও রেফারেল ব্যবস্থাকে জোরদার করার লক্ষ্যে সরকারি হাসপাতালে সরবরাহকৃত এ্যাম্বুলেন্স। | স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] সেবার মানোন্নয়ন | [৩.২.১] ডিএসএফ কর্মসূচির অর্থ প্রদানকৃত ই-পোস্ট সেন্টার | ডিএসএফ (ডিমান্ড সাইড ফিন্যান্সিং) কর্মসূচির আওতায় দরিদ্র গর্ভবতী নারীদের সন্তান জন্মপূর্ব যত্ন, প্রাতিষ্ঠানিক ডেলিভারি এবং জন্মোত্তর যত্ন গ্রহণের জন্য যাতায়াত সুবিধা, ঔষধ ক্রয় এবং প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মীদের সহয়তায় প্রাতিষ্ঠানিক প্রসব নিশ্চিত করার জন্য ভাউচারের মাধ্যমে আর্থিক প্রণোদনা প্রদান করা হয়। ডিএসএফ কর্মসূচির উক্ত অর্থ ই-পোস্ট সেন্টারের মাধ্যমে দরিদ্র গর্ভবতী নারীদের প্রদান করা হবে। | স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২.২] আইসিইউ শয্যা | নিবিড় পরিচর্যা শাখা আইসিইউ (ইনটেনসিভ কেয়ার ইউনিট) এমন একটি বিশেষায়িত শাখা যা জটিল রোগে আক্রান্ত রোগীর নিবিড় পরিচর্যায় ও জীবন রক্ষায় সহায়তা করে । দেশের নির্দিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/ জেলা হাসপাতালে সীমিতভাবে আইসিইউ সেবা রয়েছে। জনগণের বিশেষায়িত স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে পযায়ক্রমে আইসিইউ শয্যা বৃদ্ধি করা হবে। জটিল রোগীর চিকিৎসার সুবিধা বৃদ্ধি এ সূচক দ্বারা বুঝা যাবে । | গণপূর্ত অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] বছরে দুবার স্কুলগামী শিশুদের (৫-১২ বছর) কৃমিনাশক বড়ি বিতরণ কার্যক্রম | [৪.১.১] কৃমিনাশক বড়ি গ্রহণকারী স্কুলগামী শিশুর (৫-১২ বছর) হার | বছরে দু'বার (এপ্রিল ও অক্টোবর মাসে) বিনামূল্যে সকল শিশুকে কৃমির ঔষধ খাওয়ানো হয়। ৫-১২ বছর বয়সী স্কুলগামী শিশুদের কৃমিনাশক বড়ি গ্রহণকারীর হার দ্বারা সফলতা পরিমাপ করা হয়। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] যক্ষ্মা নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৪.২.১] শনাক্তকৃত যক্ষার নতুন রোগী (স্পুটাম পজিটিভ) | যক্ষার নতুন রোগী শনাক্তকরণে এ সূচক ব্যবহৃত হয়। কফ পরীক্ষায় যক্ষা রোগের জীবাণু শনাক্ত করা হয় এবং শতকরা হারে হিসাব করা হয়। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৩] এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৪.৩.১] এআরটি চিকিৎসা প্রাপ্ত এইচআইভি রোগীর হার | এইডস চিকিৎসায় ব্যবহৃত এন্টি-রেট্রোভাইরাল থেরাপি (এআরটি) প্রাপ্য এইচআইভি রোগীর সংখ্যা। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাসকরণ | [৪.৪.১] কীটনাশক যুক্ত মশারি (আইটিএন) বিতরণ | কীটনাশকযুক্ত মশারি ম্যালেরিয়া উপদ্রুত এলাকায় বিতরণের সংখ্যা। এই মশারি মশা নিধনে ও মশার কামড় রোধে ভূমিকা পালন করে , যা ম্যালেরিয়া রোগের আক্রান্ত ব্যক্তির সংখ্যা হ্রাসে সহায়তা করে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৪.৫] অসংক্রামক রোগ নির্ণয়ের প্রশিক্ষণ ও সুবিধা বৃদ্ধিকরণ | [৪.৫.১] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগী | বাংলাদেশে মহিলাদের মৃত্যুর অন্যতম কারণ জরায়ু-মখের ক্যান্সার। জরায়ু-মুখের ক্যান্সার নির্ণয়ের লক্ষ্যে স্ক্রীনিংকৃত রোগীর সংখ্যা। এই সূচক মহিলাদের জরায়ুর ক্যান্সার পূর্বাবস্থা শনাক্তকরণে ও সঠিক সময়ে সেবা প্রদানের মাধ্যমে এরোগের কারণে মহিলাদের মৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] প্রাতিষ্ঠানিক প্রসব সুবিধা সম্প্রসারণ | [৫.১.১] দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব | দক্ষ ধাত্রী দ্বারা প্রসবের শতকরা হার। ৬ মাসব্যাপি প্রশিক্ষণে স্বাভাবিক প্রসব, প্রসব পূর্ব সেবা, প্রসব পরবর্তী সেবা এবং নবজাতকের যত্ন সম্পর্কে স্বাস্থ্য কর্মীকে দক্ষ করে তোলা হয়। এ সংখ্যা বৃদ্ধি হলে শিশু ও মাতৃ মৃত্যু হ্রাসে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। স্বাভাবিক প্রসবের একটি বড় অংশ এখনও অদক্ষ ধাত্রী দ্বারা সম্পন্ন হয়ে থাকে এবং মাতৃ ও শিশু মৃত্যু ঝুঁকি বৃদ্ধি করে। | স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.২] প্রসবপূর্ব (ন্যূনতম ১ বার) সেবা | গর্ভকালীন নারীর সর্বমোট ৪ বার প্রসবপূর্ব শারীরিক পরীক্ষা প্রয়োজন। এ সূচকের উদ্দেশ্য কমপক্ষে একবার পরীক্ষাকৃত মায়েদের সংখ্যা জানা । এ সূচকের সংখ্যা বৃদ্ধি পেলে প্রসবকালীন ঝুঁকি হ্রাস পায় এবং প্রসব পূর্ব জটিলতা শনাক্ত করা এবং চিকিৎসাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সম্ভব হয়। | স্বাস্থ্য অধিদপ্তর পরিবার পরিকল্পনা অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] সম্প্রসারিত টিকাদান কর্মসূচি | [৫.২.১] ইপিআই কভারেজ (হাম) | হামের টিকা প্রাপ্ত শিশুর হার। হামের টিকা ৯ মাস বয়সী শিশুদের দেওয়া হয় এবং এ সূচকের বৃদ্ধি সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কভারেজ পরিমাপকে নির্দেশ করে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও জরিপ প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৫.৩] পুষ্টি কর্মসূচি বাস্তবায়ন | [৫.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন-এ প্রদানের হার | বাংলাদেশের অনেক শিশু ভিটামিন-এ এর অভাব জনিত অপুষ্টিতে ভোগে। ৬-৫৯ মাসবয়সী শিশুদের ভিটামিন-এ এর অভাব জনিত অপুষ্টি রোধে ভিটামিন-এ পরিপূরক প্রদান করা হয়। ভিটামিন-এ প্রদানের হার বৃদ্ধি, পুষ্টির সফলতা পরিমাপের সূচক। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন |
| [৬.১] ঔষধের বিপণনোত্তর তত্ত্বাবধান (সার্ভিল্যান্স) জোরদারকরণ | [৬.১.১] জিএমপি এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা | বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত মানদন্ড অনুযায়ী ঔষধ উৎপাদন নির্দেশিকাকে জিএমপি বলে। এই নির্দেশিকায় উচ্চ মান সম্পন্ন ও ঝুঁকিমুক্ত ঔষধ তৈরিতে ঔষধ উৎপাদক প্রতিষ্ঠানকে সর্বনিম্ন আবশ্যিক শর্তসমূহ পালন করতে হয়। উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক শর্ত প্রতিপালনের বিষয়টি যাচাই করা হয়। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৬.১.২] পরিদর্শিত ঔষধ কারখানা | মানসম্মত ও নিরাপদ ঔষধ উৎপাদন ও বিপণন ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পরিদর্শিত ঔষধ কারখানা পরিদর্শনের সংখ্যা। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৬.১.৩] ঔষধ রপ্তানীর ইস্যুকৃত লাইসেন্স | ঔষধ রপ্তানির নিমিত্ত রপ্তানির লাইসেন্স হিসেবে Form-10A ইস্যু করা হয়। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | আবেদন নিস্পত্তির সংখ্যা ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৬.১.৪] নবায়নকৃত ফার্মেসীর লাইসেন্স | প্রতি দুই বৎসর অন্তর অন্তর ফার্মেসীর লাইসেন্স নবায়ন করা হয়ে থাকে। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | ফার্মেসীর লাইসেন্স নবায়নের সংখ্যা ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৭.১] পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ | [৭.১.১] দীর্ঘ মেয়াদি ও স্থায়ী পদ্ধতি গ্রহণকারী সক্ষম দম্পতি বৃদ্ধি | পরিবার পরিকল্পনার দীর্ঘ মেয়াদি ও স্থায়ী গর্ভনিরোধক পদ্ধতিগুলো হচ্ছে আইইউডি, ইমপ্ল্যান্ট, মহিলাদের টিউবাল লাইগেশন ও পুরুষদের ভেসেকটমি। ইমপ্ল্যান্ট এর মধ্যে টিউবাল কপার টি-৩৮০ এর মেয়াদ ১০ বছর এবং আই–প্ল্যান্ট এর মেয়াদ ৫ বছর এবং নিরাপদ। প্রশিক্ষিত চিকিৎসক ও পরিবার কল্যাণ পরিদর্শিকা এ সেবা প্রদান করে থাকেন। জন্মনিয়ন্ত্রণে দীর্ঘ মেয়াদি ও স্থায়ী পদ্ধতি গ্রহণকারী সক্ষম দম্পতি বলতে জন্ম নিয়ন্ত্রণের এসব পদ্ধতি গ্রহণকারীকে বুঝায়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [৭.১.২] গর্ভনিরোধক গ্রহণ বৃদ্ধি | সক্ষম দম্পতির মধ্যে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি গ্রহণের হার। | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| [৮.১] ৪র্থ সেক্টর কর্মসূচির বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়াকরণ | [৮.১.১] সেক্টর কর্মসূচির প্রোগ্রাম ইম্প্লিমেন্টেশন প্ল্যান (পিআইপি) প্রণীত | স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টির (৪র্থ সেক্টর কর্মসূচি) প্রত্যাশিত ফলাফল অর্জন এবং সেক্টর কর্মসূচির বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করা। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | প্রজ্ঞাপন ও পিআইপি ডকুমেন্ট বিশ্লেষণ | মুদ্রিত পিআইপি ও বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিভাগ | পরিকল্পনা বিভাগ | | সেক্টর কর্মসূচীর বাস্তবায়ন কর্মপরিকল্পনা যথাসময়ে অনুমোদন। | সেক্টর কর্মসূচীর বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুমোদন প্রয়োজন। | লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে। |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | ইপিআই কভারেজ (হাম) | শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় রুটিন ইপিআই কার্যক্রম বাস্তবায়ন | শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় শিশুদের টিকা উক্ত সংস্থার মাধ্যমে দেয়া হয়। | লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে। |